




পথচারীর নিরাপত্তা

রাস্তায় ছোট শিশুদের নিরাপদে রাখা



হাঁটা শিশুদের জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। তাদের স্বাস্থ্য ও সুস্থতার জন্য, এবং স্বতন্ত্রভাবে বাড়ির আশেপাশে ঘুরে বেড়ানোর তাদের সক্ষমতার জন্য, এটি জরুরি।

পথচারী হওয়া একটি ঝুঁকিপূর্ণ কাজ হতে পারে, বিশেষকরে ব্যস্ত শহরের শিশুদের জন্য। রাস্তাঘাট মূলত প্রাপ্তবয়স্কদের মাথায় রেখেই তৈরি করা হয়, কিন্তু শিশুরা 'ছোট প্রাপ্তবয়স্ক' নয়। শিশুদের মস্তিষ্কের বিকাশ সম্পূর্ণ না হবার কারণে 'নিরাপদ' সিদ্ধান্ত নেবার জন্য তারা তাদের চারপাশের বিপদগুলিকে পুরোপুরি বুঝে না-ও উঠতে পারে।

শিশুদের জন্য ভাল দৃষ্টান্ত তৈরি করুন

- ✓ আপনি যখন তার সাথে একসাথে রাস্তা পার করছেন তখন আপনি কী করছে তা তাকে বুঝিয়ে বলুন।
- ✓ এইসব শব্দগুলিকে বুঝিয়ে বলুন, “**দ্রুত**”, “**আস্তে**”, “**কাছে**” এবং “**দূরে**”। যানচলাচলের সংকেত ও আলো এবং নিরাপদে রাস্তা পারাপার করার স্থানের ব্যাপারে কথা বলুন।
- ✓ বিপজ্জনক স্থানগুলিকে এবং **কোথা থেকে রাস্তা পারাপার না করা উচিত** তা দেখিয়ে দিন – রাস্তার বাঁকের কাছে বা এমন জায়গা যেখান থেকে শিশুদের দেখা যায় না।
- ✓ বাচ্চারা যাতে গাড়ির নিরাপদ দিক (নিরাপদ দরজা) দিয়ে গাড়ি থেকে নামে তা নিশ্চিত করুন এবং যানচলাচলের রাস্তার কাছে থাকাকালীন সবসময় আপনার বাচ্চার হাত ধরে থাকুন।





আপনার শিশুকে শেখান কীভাবে নিরাপদে রাস্তা পারাপার করতে হয়।

আপনার শিশুর হাত ধরুন, রাস্তা পার করার জন্য একটি নিরাপদ স্থান বেছে নিন – যেখান থেকে সব দিক থেকে আসা গাড়িঘোড়া আপনি স্পষ্ট দেখতে পাচ্ছেন এবং যেখান থেকে গাড়ির চালকেরা আপনাদের দেখতে পাচ্ছেন, এবং SLLT (Stop = থামুন, Look = দেখুন, Listen = শুনুন, Think = ভাবুন) পদ্ধতি অনুসরণ করুন:

SLLT কী?



রাস্তা যখন পরিষ্কার অথবা সমস্ত গাড়িঘোড়া থেমে গেছে, তখন সোজা পথে রাস্তা পার করুন এবং রাস্তার পার করার সময় যানবাহনগুলিকে দেখতে এবং তাদের আওয়াজ শুনতে থাকুন।

i এই একই পদ্ধতি আপনার শিশুদের গাড়ি বের করার রাস্তা সম্পর্কে শেখান এবং সেটিকে একটি ছোট রাস্তা হিসেবে দেখতে বলুন - গাড়ি বের করার যে রাস্তাটি ফুটপাথের উপর দিয়ে চলে যাচ্ছে সেটি পার করার আগে তাতে পিছন দিক করে কোন গাড়ি আসছে কিনা তা দেখতে থামুন, দেখুন, শুনুন, ভাবুন।



মনে রাখবেন:

- সবচেয়ে দ্রুত যাওয়া যায় এমন রাস্তা দিয়ে আপনার শিশুকে সঙ্গে নিয়ে তার স্কুলে যান এবং আপনার শিশুর অনুসরণ করার জন্য নিরাপদ কয়েকটি স্থান দিয়ে রাস্তা পারাপার করুন।
- আপনার শিশুর জন্য একটি নিরাপদে অপেক্ষা করার স্থান বাছুন যেখান থেকে স্কুলের শেষে তাকে বাড়িতে নিয়ে আসা হবে। কখনই রাস্তার ওপার থেকে তাকে ডাকবেন না। তার হাত ধরে তার সাথে রাস্তা পার করুন।
- যখনই সম্ভব হবে, নিশ্চিত করুন, আপনার শিশু যেন এমন জামাকাপড় পরে যাতে সে যখন বাইরে থাকে তখন সহজেই তাকে দেখা যায়।

